মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

প্রাক-নির্বাচনি পরীক্ষা- ২০১৮

সেট ক

দশম শ্রেণি

বিষয় কোড : ১৫২

বিষয় : ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি)

সময় : ৩০ মিনিট **পূর্ণমান : ৩০**

[বিঃ দ্রঃ সরবরাহকৃত বহু নির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। কাঁচামাল ক্রয়ের জন্য অর্থ সংগ্রহের উৎকৃষ্ট উপায় কোনটি?
ক) বাকিতে ক্রয় খ) বস্তু বিক্রয়
গ) শেয়ার বিক্রয় ঘ) ঋণপত্র বিক্রয়

২। অর্থায়নের ক্ষেত্রে তহবিলের উৎসের খরচ ন্যূনতম হওয়া প্রয়োজন কেন?
ক) সম্পদের প্রবৃদ্ধি খ) মুনাফা সর্বোচ্চ করণ
গ) ঋণ ও দায় হ্রাস ঘ) মুনাফা হ্রাসকরণ

৩। কে বিনিময় বিল বাট্টা করণের মাধ্যমে অর্থ সংগ্রহ করেন ?
ক) ক্রেতা খ) বিক্রেতা
গ) ব্যাংক ঘ) আমদানি কারক

৪। দীর্ঘ মেয়াদী অর্থায়নের অভিনব পদ্ধতি কী ?
ক) ঋণ খ) ঋণপত্র
গ) বন্ড ঘ) লিজিং

৫। 'ব্যাংক হতে ঋণগ্রহণ' –এটি কোন ধরণের অর্থসংস্থানের অন্তর্ভুক্ত?
ক) অভ্যন্তরীণ খ) বহিস্থ
গ) স্বল্পমেয়াদি ঘ) দীর্ঘমেয়াদি

৬। মালিকানা ভিত্তিক অভ্যন্তরীণ উৎস সমূহ হলো –
i. অবন্টিতমুনাফা ii. শেয়ার iii. মালিকের মূলধন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭। প্রত্যাশিত আয়ের তুলনায় প্রকৃত আয় বেশি হলেও কী সৃষ্টি হতে পারে?
ক) ঝুঁকি খ) অনিশ্চয়তা
গ) লাভ ঘ) ক্ষতি

৮। বিক্রয়লব্ধ আয়ের অস্থিতিশীলতা থেকে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?
ক) তারল্য ঝুঁকি খ) ব্যাবসায়িক ঝুঁকি
গ) সুদ হারের ঝুঁকি ঘ) আর্থিক ঝুঁকি

৯। জনাব ফরিদের ব্যবসায়ে প্রতি বছরে ২০%, -৫%, ১৫% আয়ের ভিত্তিতে আদর্শ বিচ্যুতি কত হবে?
ক) ১১.২৩% খ) ১২.২৩%
গ) ১৩.২৩% ঘ) ১৫.২৩%

১০। সাধারণত তারল্য ঝুঁকি নির্ভর করে –
i. বাজারের আকারের উপর ii.বাজারের ক্রেতার উপর
iii. বাজারের কাঠামোর উপর
নিচের কোনটি সঠিক?
ক) iও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১। মূলধন বাজেটিং এর ব্যর্থতার দায়িত্ব কাকে নিতে হয় ?
ক) বিক্রয় ব্যবস্থাপক খ) হিসাব ব্যবস্থাপক
গ) ঝুঁকি ব্যবস্থাপক ঘ) অর্থ ব্যবস্থাপক

১২। নিচের কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মূলধন বাজেটিং পদ্ধতি প্রয়োগ করা যায় ?
ক) ব্যবসায় সম্প্রসারণ খ) প্রেষণা দান
গ) কর্মী ব্যবস্থাপনা ঘ) কর্মী সংস্থান

নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও –

ফ্রেন্ডস এন্টারপ্রাইজ একটি প্রকল্পে ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করে, যা থেকে আগামী ৫ বছরে নগদ প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা ৪০,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। পে-ব্যাক সময় পদ্ধতিতে প্রকল্পটির মূলধন বাজেটিং করা হয়।

১৩। প্রকল্পটির পে-ব্যাক সময় কত?
ক) ২.৫ বছর খ) ৩ বছর
গ) ৩.৭ বছর ঘ) ৪ বছর

১৪। প্রকল্পটির মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচনের সীমাবদ্ধতা হলো –
i. সবকয়টি বছরের নগদ প্রবাহ গণনা করা হয়নি
ii. বিনিয়োগকৃত টাকার সময়মূল্য বিবেচিত হয়নি
iii. লাভের কোন নির্দিষ্ট হার নেই
নিচের কোনটি সঠিক?
ক) iও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫। কোম্পানি অনেক সময় নগদ লভ্যাংশের পরিবর্তে কোনটি দিয়ে থাকে?
ক) স্টক লভ্যাংশ খ) আনুপাতিক হারে লভ্যাংশ
গ) অতিরিক্ত লভ্যাংশ ঘ) অধিক সুদ

১৬। কোন বিনিয়োগকারীদের কোম্পানি নিয়ন্ত্রণের ক্ষমতা থাকে ?
ক) অগ্রাধিকার শেয়ার মালিক খ) ডিবেঞ্চার মালিক
গ) বন্ড মালিক ঘ) সাধারণ শেয়ার মালিক

১৭। শেয়ার মালিকরা কোম্পানির শেয়ার ক্রয় করে থাকে –
i. লভ্যাংশ পাওয়ার আশায় ii. মালিকানা স্বত্ব লাভের আশায়
iii. শেয়ারের মূল্য বৃদ্ধির আশায়
নিচের কোনটি সঠিক?
ক) iও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮। চৌধুরী গ্রপ ১০% নগদ লভ্যাংশ ঘোষণা করল। জনাব আলম ঐ কোম্পানির একজন শেয়ার মালিক। তিনি ১০ টাকা মূল্যের ১০০০ শেয়ারের মালিক। তার নগদ লভ্যাংশ কত?

ক) ১০০ টাকা খ) ১,০০০ টাকা

গ) ১০,০০০ টাকা ঘ) ১,০০,০০০ টাকা

১৯। বাণিজ্যিক ব্যাংকের অর্থের প্রাথমিক উৎস কোনটি ?

ক) সংরক্ষিত তহবিল খ) পরিশোধিত মূলধন

গ) আমানত ঘ) ঋণ গ্রহণ

২০। কোনটি মূদ্রার বিকল্প হিসেবে কাজ করে ?

ক) পে-অর্ডার খ) শেয়ার

গ) স্টক ঘ) বন্ড

২১। সাধারণত কীভাবে অতিরিক্ত মূদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করা হয়?

ক) অর্থের যোগান হ্রাস করে খ) অর্থের যোগান বৃদ্ধি করে

গ) ব্যাংক সুদ হার হ্রাস করে ঘ) ব্যাংক সুদ হার বৃদ্ধি করে

২২। বাণিজ্যিক ব্যাংকের রক্ষা কবজ হলো –

i.নগদ অর্থ ii. সিকিউরিটি বিল iii. স্থায়ী সম্পদ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩। বাণিজ্যিক ব্যাংক প্রত্যয় পত্রের মাধ্যমে রপ্তানিকারককে আমদানি কারকের পক্ষে কী প্রদানের ব্যবস্থা করে?

ক) অগ্রিম অর্থ খ) ঋণ

গ) বিনিময় বিল ঘ) চেক

২৪। গ্রাহকের স্বার্থ রক্ষা করা হলো ব্যাংকের কী ?

ক) দায়িত্ব খ) কার্যাবলি

গ) মূলনীতি ঘ) উদ্দেশ্য

২৫। যে মাধ্যমে ব্যংক থেকে টাকা উত্তোলনের কোন অনুমতির প্রয়োজন নেই?

ক) জমা বইয়ের মাধ্যম খ) পাশ বইয়ের মাধ্যমে

গ) টোকেনের মাধ্যমে ঘ) চেকের মাধ্যমে

২৬। কেন্দ্রীয় ব্যংক সরকারের কোন উৎস হিসেবে কাজ করে?

ক) সম্পদের খ) ঋণের

গ) আয়ের ঘ) ব্যয়ের

২৭। কোনটি কেন্দ্রীয় ব্যংকের সাধারণ কার্যাবলির অন্তর্ভুক্ত ?

ক) নিকাশ ঘর খ) তহবিল সংরক্ষণ

গ) বাধ্যতামূলক তহবিল সংরক্ষণ ঘ) মুদ্রার ক্রয়ক্ষমতা নিয়ন্ত্রণ

২৮। ব্যাংকিং ব্যবস্থার মধ্যে সমন্বয় সাধনের উদ্দেশ্যে কেন্দ্রীয় ব্যাংক কী কাজ করে?

ক) ঋণ নিয়ন্ত্রণ খ) মুদ্রার প্রচলন

গ) আন্তঃলেনদেন ঘ) বৈদেশিক মূদ্রা নিয়ন্ত্রণ

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও –

খুলনার বিশিষ্ট ব্যাবসায়ী জনাব লাভলু একজন আমদানিকারক । তিনি একটি ব্যাংকে LC খুলে মাল আমদানি করেন।

২৯। LC অর্থকী?

ক) Letter of Credit খ) License of Credit

গ) Lot of Credit ঘ) Letter of Cost

৩০। কোন ধরনের ব্যাংক LC ইস্যু করে ?

ক) কেন্দ্রীয় ব্যাংক খ) বাণিজ্যিক ব্যাংক

গ) বিশেষায়িত ব্যাংক ঘ) বিদেশি ব্যাংক

সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর

বিষয় কোড: ১৫২

প্রাক-নির্বাচনি পরীক্ষা - ২০১৮

দশম শ্রেণি

বিষয়: ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল)

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট | পূর্ণমান : ৭০

[বিশেষ দ্রষ্টব্য : প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে ৩টি করে মোট যেকোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

'ক'-বিভাগ

১। জনাব রহমত একজন ব্যবসায়ী। সৎ ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করায় ২০১৭ সালে বাজার থেকে নগদের পাশাপাশি বাকিতে মাল ক্রয় করেন এবং নির্দিষ্ট সময়ে টাকা পরিশোধ করেন। এছাড়াও ব্যবসায় সম্প্রসারণের জন্য স্থানীয় একটি আর্থিক প্রতিষ্ঠান থেকে ৩ বছরের জন্য অর্থ সংগ্রহ করেন।

ক) PPP কী? ১

খ) ব্যবসায় সম্প্রসারণে সঞ্চিতি তহবিলের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ) জনাব রহমত অর্থায়নের কোন উৎস থেকে দায় পরিশোধ করেন? -বর্ণনা কর। ৩

ঘ) জনাব রহমতের আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ সংগ্রহ কতটা যৌক্তিক? মূল্যায়ন কর। ৪

২। রতন বাবু নতুন নতুন প্রযুক্তি ব্যবহার করে 'Y' প্রকল্পে তার মূলধন বিনিয়োগ করেছেন। গত ৫ বছরে অর্জিত মুনাফার হার ছিল যথাক্রমে ১০%, ৯%, ১৫%, -৮% ও ১৬%। তিনি লক্ষ্য করলেন বিগত ৫ বছরে 'R' প্রকল্পের ব্যবধানের বর্গের যোগফল ৭৩০।

ক) আর্থিক ঝুঁকি কী? ১

খ) বন্ডে বিনিয়োগকারীদের কোন ঝুঁকি মোকাবেলা করতে হয়? ২

গ) 'Y' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ) রতন বাবুর কোন প্রকল্পে অর্থ বিনিয়োগ লাভজনক হবে বলে তুমি মনে কর? ৪

৩। জনাব আকাশ একটি প্রকল্পে দশ লক্ষ টাকা বিনিয়োগের পরিকল্পনা করছেন। উক্ত বিনিয়োগ থেকে আগামী ৫ বছরে যথাক্রমে ৩,০০,০০০ টাকা, ৩,৫০,০০০ টাকা, ২,৫০,০০০ টাকা, ২,৭৫,০০০ টাকা এবং ৩,০০,০০০ টাকা পাওয়া যাবে আশা করছেন। তার বন্ধু করিম অন্য পদ্ধতিতে মূলধন বাজেটিং করেন।

ক) নীট মুনাফার সাথে অবচয় যোগ করলে কী পাওয়া যায়? ১

খ) মূলধন বাজেটিং অনুমান নির্ভর কেন? ২

গ) জনাব আকাশের প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ) জনাব করিম আকাশের মূলধন বাজেটিং পদ্ধতিটি কেন গ্রহণ করেননি– বিশ্লেষণ কর। ৪

৪। জনাব জব্বার একটি নতুন কোম্পানি প্রতিষ্ঠা করেছেন। এজন্য তিনি বিভিন্ন উৎস থেকে অর্থায়নের কথা ভাবছেন। পরে তিনি চুক্তিপত্রের মাধ্যমে অর্থায়নের সিদ্ধান্ত নেন। কিন্তু এক্ষেত্রে তাকে ঋণের বিপরীতে জামানত দিতে হবে। পরবর্তী বছর তার এক বন্ধুর পরামর্শে জামানত ব্যতীত অর্থ সংগ্রহ করবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন।

ক) সেকেন্ডারি মার্কেট বলতে কী বোঝায় ? ১

খ) কেন বোনাস শেয়ার প্রদান করা হয়? ২

গ) জনাব জব্বার প্রথম বছর অর্থায়নের জন্য কোন উৎসটি নির্বাচন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) বন্ধুর পরামর্শ গ্রহণ করা তার জন্য কতটুকু যুক্তিযুক্ত হবে তা- বিশ্লেষণ কর ৪

৫। জনাব সুকুমার সেন কয়েক বছরের জন্য W ও P কোম্পানিতে বিনিয়োগ করতে চাচ্ছেন। W কোম্পানিতে পরিচালনায় অংশগ্রহণ করা যাবে কিন্তু P কোম্পানিতে ঝুঁকি কম ও ১০% হারে আয় আশা করে।

ক) শেয়ার কী? ১

খ) নগদ লভ্যাংশ কীভাবে স্টক লভ্যাংশ থেকে ভিন্ন? ২

গ) জনাব সুকুমার সেনের জন্য W কোম্পানিতে বিনিয়োগের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের আলোকে জনাব সুকুমার সেনের কোন কোম্পানিতে বিনিয়োগ করা উচিত? -মন্তব্য কর। ৪

৬। রতন সাহা এস,এস,সি পাশ করে আর্থিক অস্বচ্ছলতার কারণে তার পড়ালেখা চালিয়ে যাওয়া সম্ভব হয়নি। এজন্য তিনি বুশরা হাসপাতালের সামনে একটি ঔষধের দোকান বরাদ্দ নিয়েছেন। এখানে তিনি একটি কম্পিউটার এবং কয়েকটি আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছেন।

ক) গড় মুনাফা হারের সূত্রটি লেখ। ১

খ) নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যায় কীভাবে? ব্যাখ্যা কর। ২

গ) রতন সাহা স্থায়ী সম্পত্তি ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোনটি প্রয়োগ করেছেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের রতন সাহার ঔষধের দোকান দেওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

'খ'-বিভাগ

৭। জবাব সোহেল রানা 'A' ব্যাংকে ঋণের জন্য আবেদন করলে, ব্যাংক তাকে ঋণের টাকা নগদে না দিয়ে তার হিসাবে জমা করে। সেখান থেকে তিনি প্রয়োজন অনুযায়ী অর্থ উত্তোলন করেন।

ক) ATM -এর পূর্ণরূপ লিখ। ১

খ) বাণিজ্যিক ব্যাংক কীভাবে আমদানি রপ্তানিতে সহায়তা করে? ২

গ) 'A' ব্যাংক সোহেল রানাকে নগদে ঋণ না দিয়ে তার হিসাবে অর্থ জমা করা ব্যাংকের কোন ধরনের কার্যাবলি?-ব্যাখ্যা কর। ৩

ঘ) জনাব সোহেল রানাকে নগদে ঋণ না দেওয়ার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮। জনাব হাসান তার স্ত্রীকে ৫০,০০০ টাকার চেক প্রদান করেন। অসুস্থতার কারণে তার স্ত্রী বড় ছেলেকে ব্যাংকে টাকা উত্তোলনের জন্য পাঠান। রাস্তায় বখাটেদের দেখে ছেলেটি ভয় পেয়ে যায়। ব্যাংকে গেলে ব্যাংক কর্মকর্তা ছেলেটিকে বলে, এমতাবস্থায় চেকের বামকোণে আড়াআড়ি দুটি দাগ দিলেই আপনি নিরাপদ বোধ করবেন।

ক) ব্যাংকিং ব্যবসায় লিপ্ত ব্যক্তিকে কী বলে? ১

খ) প্রত্যয় পত্র কেন প্রয়োজন? ২

গ) জনাব হাসান তার স্ত্রীকে কোন ধরনের চেক প্রদান করেছেন? -বর্ণনা কর। ৩

ঘ) ব্যাংক কর্মকর্তার পরামর্শ কতটুকু গ্রহণযোগ্য? মতামত দাও। ৪

৯। লায়লা ও রুমি দুই বান্ধবী। লায়লা সাংসারিক খরচ থেকে কিছু টাকা জমিয়ে ব্যাংকে জমা করেন। অপরদিকে রুমি ৫০,০০০ টাকা স্থানীয় সমিতিতে জমা রাখেন। জরুরীভিত্তিতে দুই জনেরই টাকার দরকার হলে লায়লা টাকা তুলতে পারে কিন্তু রুমি ব্যর্থ হন।

ক) ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১

খ) ব্যাংক কেন গ্রাহককে দেউলিয়া ঘোষণা করে? ২

গ) ব্যাংক লায়লার প্রতি কোন দায়িত্ব পালন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) লায়লা ও রুমির আর্থিক প্রতিষ্ঠান দুটির মধ্যে কোনটিতে টাকা জমা রাখা অধিক যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

১০। ঈদের সময় গ্রাহক চাহিদা বেড়ে যাওয়ায় 'A' ব্যাংকের তারল্য সংকট দেখা দেয়। এ অবস্থায় 'A' ব্যাংক 'B' ব্যাংকের মাধ্যমে অন্য ব্যাংক থেকে ধার নিয়ে ব্যাংকিং কার্যক্রম চালায়।

ক) বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর কয়জন? ১

খ) কেন্দ্রীয় ব্যাংক কীভাবে বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ করে ? ২

গ) 'B' ব্যাংক 'A' ব্যাংকের উপর কীভাবে প্রভাব বিস্তার করে তা বর্ণনা কর। ৩

ঘ) 'A' ব্যাংকের তারল্য সংকটে 'B' ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে- মূল্যায়ন কর। ৪

১১। রহিমা একটি অনুষ্ঠানে অংশ নিয়ে 'C' ব্যাংকের একটি চেক পায়। কিন্তু সে 'D' ব্যাংকের গ্রাহক। রহিমা এ বিষয়ে বাবার সাহায্য চাইলে তিনি মেয়েকে কি করতে হবে তা বুঝিয়ে দেন এবং বলেন, সেজন্যই বাংলাদেশ ব্যাংককে সকল ব্যাংকের ব্যাংকার বলা হয়।

ক) বাংলাদেশ ব্যাংকের নির্বাহী প্রধানকে কী বলে? ১

খ) কেন্দ্রীয় ব্যাংক কীভাবে সম্পদের সুষম বন্টন করে- ব্যাখ্যা কর। ২

গ) 'D' ব্যাংক কীভাবে 'C' ব্যাংকের চেকের অর্থ সংগ্রহ করবে? -ব্যাখ্যা কর। ৩

ঘ) ব্যাংকিং কার্যক্রমের ক্ষেত্রে 'D' ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা কর। ৪